

# জাতীয় বিশ্ববিদ্যালয়ে স্নাতকে ভর্তির দ্বিতীয় মেধাতালিকা প্রকাশ

নিজস্ব  
প্রতিবেদক

১৮ এপ্রিল, ২০২৪

১৮:২৪

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে বিভিন্ন কলেজে ২০২৩-২৪ শিক্ষাবর্ষে অনার্স (সম্মান) প্রথম বর্ষে ভর্তির দ্বিতীয় ধাপের মেধা তালিকা প্রকাশ করা হয়েছে। একইসঙ্গে প্রথম মেধাতালিকায় স্থান পাওয়া শিক্ষার্থীদের বিষয় পরিবর্তনের

তালিকাও দেওয়া হয়েছে। আজ বৃহস্পতিবার (১৮ এপ্রিল) বিকেল ৪টায় এসব তালিকা প্রকাশ করা হয়।

আজ বিকেল ৪টা থেকে মোবাইলে স্কুদে বার্তা পাঠানোর মাধ্যমে এবং রাত ৯টা থেকে ভর্তি বিষয়ক নির্ধারিত ওয়েবসাইটে এই ফলাফল দেওয়া হয়েছে।

স্কুদে বার্তায় **nu<space>athn<space>roll no** লিখে ১৬২২২ নম্বরে পাঠাতে হবে। এ ছাড়া ভর্তি বিষয়ক ওয়েবসাইট [www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions) থেকে ফলাফল জানা যাবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর পরিচালক মো. আতাউর রহমান সাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে বলা হয়, দ্বিতীয় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু শিক্ষার্থীকে অবশ্যই ২৪ এপ্রিলের মধ্যে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে। এ ছাড়া ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে অন্য কোনো শিক্ষা কার্যক্রম ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই তা বাতিল করতে হবে।

অন্যথায় দ্বৈত ভর্তির কারণে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। দ্বিতীয় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোনো শিক্ষার্থী তার বিষয় পরিবর্তন করতে চাইলে তাকে চূড়ান্ত ভর্তি ফরমে বিষয় পরিবর্তনের নির্দিষ্ট ঘর পূরণ করতে হবে। এ ক্ষেত্রে শিক্ষার্থীদের বিষয় পছন্দক্রম অনুযায়ী সংশ্লিষ্ট কলেজে বিষয়ভিত্তিক শূন্য আসনে মেধার ভিত্তিতে বিষয় পরিবর্তন করা হবে।

